মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২২-১০-২০২০ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : রিয়ার এডমিরাল এম শাহজাহান, এনপিপি, এনডিসি, পিএসসি, চেয়ারম্যান। |
| তারিখ | : ২২-১০-২০২০ খ্রিঃ। |
| সময় | : ১২.৩০ ঘটিকা। |
| স্থান | : মবক'র সভা কক্ষ। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২৭-০৯-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বাস / মিনিবাস / কোস্টার ক্রয় প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | অর্থ মন্ত্রণালয়ের ০৮/০৭/২০২০ তারিখের পত্র অনুযায়ী ৩১ ডিসেম্বর-২০২০ পর্যন্ত যানবাহন ক্রয় বন্ধ থাকবে মর্মে পত্র পাওয়া গিয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক আগামী ৩১ ডিসেম্বর ২০২০ এর পরে গাড়ী ক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | সরকারি নির্দেশনা পাওয়া মাত্রই যানবাহন ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ১। মবক'র অমীমাংসিত ১৩৯টি অডিট আপত্তির মধ্যে ইতোমধ্যে ০২টি অগ্রিম অনুচ্ছেদের নিষ্পত্তি পত্র পাওয়া গেছে। অবশিষ্ট ১৩৭টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে নৌপম ও পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। উল্লেখ্য যে, ১৮টি অডিট আপত্তির জবাব শীঘ্রই পাবার সম্ভাবনা আছে মর্মে প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভায় অবহিত করেন।<br>২। অমীমাংসিত অডিট আপত্তির জবাব প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বিভাগ ভিত্তিক সভা করা হয়েছে। অডিট আপত্তির জবাব প্রস্তুতের ক্ষেত্রে সকল বিভাগের সাথে আলোচনাক্রমে ব্যবস্থা নেয়া হচ্ছে।<br>৩। অমীমাংসিত অডিট আপত্তির নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। | ১। মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। অডিট আপত্তির জবাব প্রস্তুতের জন্য প্রতিমাসে সকল বিভাগের সাথে সমন্বয় করে অডিট আপত্তির জবাব প্রস্তুত করতে হবে।<br>৩। অমীমাংসিত অডিট আপত্তির নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ৩. | মবক'র অফিস ও আবাসিক এলাকা ও জেটি এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ক) (i) বন্দর ব্যবহারকারীগণ বন্দর জেটির ভিতর দৈনন্দিন যাতায়াত করে থাকে। বন্দর জেটির দুই পার্শ্ব অপরিষ্কার থাকলে মশা/মাছির/সর্পের উপদ্রব হয় এতে পরিবেশ নষ্ট হয়। সে কারণে জেটির দুই পার্শ্ব পরিষ্কার পরিচ্ছন্নতা রাখাসহ গাড়ি পার্কিং এর ব্যবস্থা রাখা যেতে পারে। সিসি ঢালাই করে গাড়ি পার্কিং এর ব্যবস্থা গ্রহণের বিষয়ে সি: ও হা: বিভাগ কর্তৃক প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান মর্মে জানিয়েছেন।<br>(ii) বন্দর বিপণীর আশপাশ প্রায়ই বন জঙ্গালে ভরে যায়। যার কারণে মশা, মাছি ও সাপের উপদ্রব বৃদ্ধি পায় এবং পরিবেশের ভারসাম্য নষ্ট হয়। পরিবেশ যাতে নষ্ট না হয় সে কারণে বন্দর বিপণীর দোকান বরাদ্দ গ্রহীতাদের সম্পত্তি শাখা মোংলার মাধ্যমে পত্র দেওয়া যায় এবং জোর তদারকি করার জন্য আলোচনা হয়।<br>(iii) মবক'র পতিত জমি শর্ত সাপেক্ষে ৩১ ডিসেম্বর পর্যন্ত চাষাবাদের অনুমতি দেয়া হয়েছে। আবাদকৃত জমির পাশে যাতে আগাছা/জঙ্গাল না থাকে সে বিষয়ে ব্যবহারকারীগণকে লিখিত ও মৌখিকভাবে একাধিকবার জানানো হয়েছে। সম্পত্তি শাখা কর্তৃক আগাছা পরিষ্কার কাজ তদারকি করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। লীজ প্রদানকারীদের মৌখিক এবং পত্রের মাধ্যমে নিজ নিজ জমিসহ আশপাশ পরিস্কার রাখার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। | (i) প্রাক্কলন প্রস্তুত করে কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(ii) সরেজমিনে উপস্থিত হয়ে বন্দর বিপনী এলাকা পরিস্কার পরিচ্ছন্ন কাজ তদারকি করতে হবে।<br>(iii) আবাদকৃত জমির আশে পাশের জমির জঙ্গাল/আগাছা পরিস্কার রাখার কাজ তদারকি করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ)<br>উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)<br>উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (iv) জেটির ভিতরে দূর্ঘটনা এড়ানোর লক্ষ্যে সি:ও হা: বিভাগ কর্তৃক জেটি অভ্যন্তরে রোড ডিভাইডারের জন্য ৬০টি রোড ডিভাইডার সংগ্রহের নিমিত্তে গত ১৮/১০/২০২০ ইং তারিখে টেন্ডার খোলা হয়েছে মর্মে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) সভায় অবহিত করেন।<br>(v) জেটির ভিতরে গাড়ী চলাচল নিয়ন্ত্রণে রাখার জন্য স্পীড লিমিট সাইনবোর্ড বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত গত ১৩/০৯/২০২০ তারিখে প্রধান নিরাপত্তা কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হলে তিনি স্বল্প সময়ের মধ্যে স্পীড লিমিট সাইনবোর্ড করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>(vi) ফ্লোর/মোজাইক পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ক্লিনিং মেশিন ক্রয়ের বিষয়ে যান্ত্রিক ও তড়িৎ বিভাগ হতে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এ সংক্রান্ত একটি কমিটি গঠিত হয়েছে ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ক্রয় কাজ ত্বরান্বিত করতে সভাপতি মহোদয় গঠিত কমিটিকে নির্দেশনা প্রদান করেন।<br>(vii) পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য সভাপতি মহোদয় সকল বিভাগীয় প্রধানকে তার নিজ নিজ অফিস চত্বর পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) জেটির ভিতরে যত্রতত্র ময়লা আর্বজনা যাতে না রাখা হয় সে বিষয়ে সভাপতি মহোদয় সকলের দৃষ্টি আকর্ষন করেন। এ বিষয়ে পরিচালক (ট্রাফিক) উন্নতমানের ডাস্টবিন ক্রয় করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।<br>গ) খুলনা ও মোংলার আবাসিক এলাকা/অফিস এলাকা/জেটি এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পন্ন করতে সভায় সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। গত ০৫/০৮/২০২০ তারিখে প্রাক্কলন প্রস্তুত করে দাখিল করার জন্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়া গেছে। পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশনার জন্য নথি উপস্থাপন করা হয়েছে। ঠিকাদার নিয়োগের কাজটি তরান্বিত করা হচ্ছে মর্মে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন। | (iv) জেটির ভিতরে দূর্ঘটনা এড়াতে রোড ডিভাইডার নির্মাণের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(v) জেটির ভিতরে গাড়ী চলাচল নিয়ন্ত্রণে রাখার জন্য স্পীড লিমিট সাইনবোর্ড বসানোর কাজটি অনতিবিলম্বে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(vi) ক্রয়নীতি অনুসরণ করে ক্রয় কাজ সম্পন্ন করতে হবে।<br>(vii) নির্দেশনা অনুযায়ী পরিস্কার পরিচ্ছন্ন রাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) জরুরী ভিত্তিতে ডাস্টবিন ক্রয় করতে হবে।<br>গ) দ্রুত টেন্ডার কার্যক্রম সম্পন্নের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ)<br>উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)<br>প্রধান প্রকৌশলী (যাঃওতঃ)<br>উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)<br>উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)<br>উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |
| ৪. | পরিত্যক্ত ভবনের তালিকা প্রস্তুত প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ইতোমধ্যে সাইনবোর্ড লাগানো হয়েছে এবং পরবর্তী কার্যক্রম যথাঃ- সিডিউল প্রণয়ন, টেন্ডার বিজ্ঞপ্তি ইত্যাদি তৈরির কাজ চলমান। উল্লেখ্য যে, সাইনবোর্ডে লেখা আছে এই ভবন নিলামযোগ্য এবং এই ভবনে কেউ বসবাস করতে পারবেনা। কিছু কিছু ভবনে যে সব শ্রমিক ও বহিরাগতরা বসবাস করছে নিলাম বিজ্ঞপ্তির পূর্বে তাদেরকে প্রশাসনের সহায়তায় অপসারণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | উক্ত ভবনে যারা বসবাস করছে তাদেরকে প্রশাসনের সহায়তায় অপসারণের ব্যবস্থা নিতে হবে এবং দ্রুত নিলাম কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক প্রশাসন |
| ৫. | ঢাকাস্থ মবক'র লিয়াজোঁ অফিস কাম- রেস্ট হাউজের ফ্ল্যাট/ফ্লোর ক্রয়<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১২/০৯/২০১৯ | গত ০৯-১০-২০২০ তারিখে কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম চলমান। উল্লেখ্য যে, গত ১৪-০৯-২০২০ তারিখে নৌপমে অনুষ্ঠিত মবক'র উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক সভায় চেয়ারম্যান মহোদয়কে এ বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ঢাকায় জমি/ ফ্ল্যাট/ফ্লোর ক্রয়ের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। অগ্রগতি উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক সভার কার্যপত্রে উল্লেখ করতে হবে। | সদস্য (প্রকৌশল ও উন্নয়ন)/ পরিচালক (প্রশাসন) |
| ৬. | পারিজাতের পিছনে নদী ভাঙ্গন প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) জানান যে, পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত আছে এবং পানি উন্নয়ন বোর্ড হতে ডিপিপি প্রস্তুত কাজ অব্যাহত আছে মর্মে জানা গিয়েছে। | পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত কাজটি সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭. | গাড়ীর সাংগঠনিক কাঠামো টিওএন্ডই তে অন্তর্ভুক্ত প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | সদস্য (হাঃও মেঃ) কে আহবায়ক করে মবক'র জনবলের সাংগঠনিক কাঠামো সংশোধনের জন্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম শেষে বোর্ড সভার অনুমোদন গ্রহণ করে নৌপমে প্রেরণ করা হবে। জনবল কাঠামো চূড়ান্ত করে একই সাথে গাড়ীর টিওএন্ডই নৌপমে প্রেরণ করা হবে মর্মে আলোচনা হয়। | এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৮. | মবক'র বন্দর আবাসিক এলাকায় শিশু পার্ক তৈরী প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | চুক্তিকৃত কাজ সম্পন্ন হয়েছে। নতুন ৪টি আইটেম সংযুক্ত হওয়ায় সংশোধিত প্রাক্কলন অনুমোদনের অপেক্ষায় আছে মর্মে প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) সভাকে অবহিত করেন। কাজটি চূড়ান্ত করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | শিশু পার্ক নির্মাণের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৯. | মবক'র পাইলটদের ইউনিফর্ম পরিধান প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | পাইলটদের সাজ/পোষাক নীতিমালা-২০২০ অনুমোদনের জন্য গত ২৪/০৯/২০২০ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | হারবার মাস্টার |
| ১০. | সিনিয়র স্টাফ নার্স ও প্যাথলজি টেকনিশিয়ানদের পোষাক সরবরাহ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৭/০৯/২০২০ | মবক'র সিনিয়র স্টাফ নার্স ও প্যাথলজি টেকনিশিয়ানের পদ স্থায়ী না হওয়ায় তাদের কে ইউনিফর্ম দেয়া হচ্ছে না বিধায় সিবিএ এর সভাপতি তাদেরকে পোষাক সরবরাহের বিষয়ে দাবী জানান। এ বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা জানান যে, বর্তমানে এক জন সিনিয়র স্টাফ নার্স ও এক জন প্যাথলজি টেকনিশিয়ান কর্মরত আছে, যাদের পদ স্থায়ী হয়নি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সভাপতি মহোদয় বর্নিত দুইজন কে পোষাক সরবরাহের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | সিদ্ধান্ত অনুযায়ী পোষাক সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১১. | খেলার মাঠ উন্নয়ন<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১১/১২/২০১৯ | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, ওমেরা কোম্পানী কর্তৃক ড্রেজিং মাটি দিয়ে সুবিধামত সময়ে খেলার মাঠ ভরাট করা হবে। এ বিষয়ে সিবিএ এর সভাপতি খেলার মাঠ ভরাটের এবং মবক'র কবরস্থান বিনা ভাড়ায় ওমেরা কোম্পানীর ড্রেজিং মাটি দিয়ে ভরাট করার জন্য অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে খেলার মাঠ ভরাটের সময় মবক'র কবরস্থান মাটি দিয়ে ভরাট করার বিষয়ে আলোচনা হয় এবং যেহেতু মাটি ভরাটের কাজটি মবক'র প্রয়োজনে করা হবে সেহেতু বিনা ভাড়ায় ভরাটের বিষয়ে সভায় একমত পোষন করা হয়। | মবক'র প্রয়োজন বিধায় ভাড়া পরিশোধ ব্যতিরেকে ওমেরা কোম্পানী কর্তৃক ড্রেজিংকৃত মাটি দ্বারা খেলার মাঠ ও কবর স্থান ভরাট করতে হবে। | প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১২. | মোংলা থানা, পুলিশ ফাঁড়ি, ওসি বাংলো, ইমিগ্রেশন অফিস এবং জেটি মেইন গেইট এ ব্যবহৃত মবক'র বকেয়া বিদ্যুৎ বিল প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১৯/১০/২০১৯ | প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ) জানান যে, বাংলাদেশ পুলিশ এর নিকট বর্তমানে ২১,২৮,২১৭.০০ টাকা বকেয়া রয়েছে এবং গত মাসে ৭৪,০০০/- টাকা আদায় হয়েছে। পুলিশের কোন স্থাপনায় বর্তমানে মবক এর বিদ্যুৎ সংযোগ নেই। ওজোপাডিকো এর বিদ্যুৎ ব্যবহার হচ্ছে। পুলিশ সুপার, বাগেরহাটের সাথে আলোচ্য বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে উপ-প্রধান প্রকৌঃ (যাঃওতঃ) এর টেলিফোনে আলাপ মোতাবেক বিভিন্ন মিটারের বিপরীতে বছর ভিত্তিক বকেয়ার তালিকা প্রস্তুত করে গত ২৮/০৯/২০২০ তারিখে ফ্যাক্স ও ইমেইল এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। বকেয়া আদায় তরান্বিত করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মোংলা থানা ও পুলিশ ফাঁড়ির দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ অব্যাহত রেখে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) এবং প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৩. | ঘূর্ণিঝড় বুলবুল এর আঘাতে উপড়ে পড়া গাছের সংখ্যা ও পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৪/০২/২০২০ | ক) উপরে পড়া গাছ বিক্রয়ের জন্য তিন বার নিলাম ডাক সম্পন্ন হয়েছে। কিন্তু কাঙ্খিত দর পাওয়া যায়নি বিধায় নিলাম বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের মাধ্যমে গাছ বিক্রির বিষয়ে গত সভার সিদ্ধান্তের আলোকে সীল টেন্ডারের জন্য পেপারে বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রস্তুতপূর্বক মোংলা-খুলনা টেন্ডারের কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন।<br>খ) এছাড়া মবক এলাকায় যতগুলো মরা আছে তার তালিকা করে নিলামের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে ঝড়ে পড়া গাছ এবং মরে যাওয়া গাছ দ্রুত নিলামের মাধ্যমে বিক্রির কাজ তরান্বিত করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) গাছগুলো বিক্রয়ের জন্য দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) মরা গাছের তালিকা করে নিলামের মাধ্যমে বিক্রয় করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৪. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৪/০২/২০২০ | ক) পৌরসভা কর্তৃক ট্রাক টার্মিনালের জন্য ব্যবহৃত/দখলকৃত জায়গা বুঝে নেয়ার জন্য একাধিকবার পত্র দেয়া হয়েছে। বর্তমানে পৌরসভা ৩.৬৫ একর জায়গা ব্যবহার করছে বিধায় উক্ত জায়গা ব্যতিরেকে অবশিষ্ট ১.৩৫ একর জায়গা পাওয়ার জন্য পৌরসভা কর্তৃক পত্র প্রেরণ করা হচ্ছে মর্মে পরিচালক (প্রশাসন) জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত হয় যে, চুক্তি পত্রের শর্তানুসারে রেলওয়ে কর্তৃক ব্যবহৃত ১.৩৫ একর জমি সমন্বয় করা হবে এবং টার্মিনালের জন্য উক্ত ১.৩৫ একর জায়গা মবক কর্তৃক অন্য কোন জাগয়া হতে হস্তান্তর করা হবে না মর্মে পৌরসভাকে পত্রের মাধ্যমে পুনরায় জানিয়ে দিতে হবে এবং লে আউটের বাইরে কোন স্থাপনা যাতে না করে সে বিষয়ে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) তদারকি করবেন। এছাড়া পৌর ট্রাক টার্মিনালের লে আউট অনুমোদন ব্যতিরেকে স্থাপনা নির্মানের বিষয়ে গত ১৯/১০/২০২০ তারিখে মোংলা পোর্ট পৌরসভার নিকট পত্র মারফত ব্যাখ্যা চাওয়া হয়েছে। | রেলওয়ে কর্তৃক ব্যবহৃত ১.৩৫ একর জমি মবক কর্তৃক অন্য কোন স্থান হতে হস্তান্তর করা হবে না।<br>পৌরসভার সাথে সভার আয়োজন করতে হবে। লে-আউট ব্যতিত কোন স্থাপনা যেন না হয় সে দিকে নজর রাখতে হবে। | পরিচালক (প্রশাসন)/ প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১৫. | কন্টেইনার হ্যান্ডলিং প্রকল্প এবং নিরাপত্তা বিভাগের লোক নিয়োগ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৪/০২/২০২০ | ক) ১৭ ধরণের ২৫টি পদের ছাড়পত্র প্রাপ্তির জন্য গত ২৪/০৯/২০২০ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>খ) হারবার বিভাগের লস্কর পদের আনুমানিক ০৩ হাজার আবেদনপত্র বাছাই ও ক্রম অনুযায়ী সাজানো হয়েছে। প্রাপ্ত আবেদনসমূহ সঠিকভাবে বাছাই করে দ্রুত নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ক) মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) আগামী ০৭ (সাত) দিনের মধ্যে বাছাইয়ের কাজ সম্পন্ন করতে হবে এবং ১৫/১১/২০২০ তারিখের মধ্যে নিয়োগ পরীক্ষা শুরু করতে হবে। | পরিচালক প্রশাসন |
| ১৬. | মবক কর্তৃক আমদানিকৃত Dredger and Ancillary Craft with other Accessories এর অনুকুলে শুল্ক বিভাগের আউটপাস, বিল অব এন্ট্রি ও শিপিং এজেন্টের ডেলিভারি অর্ডার (ডিও) দাখিল প্রসংগে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২২/০৩/২০২০ | কাস্টমস কর্তৃপক্ষের নিকট সংশোধিত পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া এনবিআর এর চেয়ারম্যান মহোদয় মোংলা বন্দর পরিদর্শনের সময় তাকে বিষয়টি জানানো হয়েছে মর্মে পরিচালক (ট্রাফিক) সভাকে অবহিত করেন। পুনরায় পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | কাস্টমস্ কর্তৃপক্ষকে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (নৌ), প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) ও পরিচালক (ট্রাফিক) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭. | ট্রাফিক বিভাগের জনবল ফেরত প্রদান প্রসঙ্গে। <br>এজেন্ডা শুরুর তারিখঃ <br>২২/০৩/২০২০ | গত ০৯/০৭/২০২০, ১২/০৭/২০২০ ও ২৬/০৮/২০২০ তারিখে মোট ১৬(ষোল) জন কর্মকর্তা/কর্মচারীকে ট্রাফিক বিভাগে বদলী/পোষ্টিং প্রদান করা হয়েছে। তন্মধ্যে জনাব রেজাউল করিম, সিঃআঃএ্যাঃ, সিঃওহাঃ বিভাগ এবং জনাব প্রীতিশ চন্দ্র কির্তনীয়া, সহঃ অফিস তত্ত্বাবধায়ক, যাঃওতঃ বিভাগ অদ্যাবধি ট্রাফিক বিভাগে যোগদান করেন নি। ট্রাফিক বিভাগের যে সকল কর্মচারী বিভিন্ন বিভাগে এখনও কর্মরত আছে তাদের তালিকা উপস্থাপন করা হয়। তদানুযায়ী মবক'র মোংলা ও খুলনায় স্কুলে ট্রাফিক বিভাগের যে সকল কর্মচারী কর্মরত আছে তাদেরসহ অন্যান্য বিভাগে কর্মরত ট্রাফিক বিভাগের জনবল ফেরত প্রদানের জন্য সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | মবক এর বিদ্যালয়সহ বিভিন্ন বিভাগে কর্মরত (খুলনাস্থ সম্পত্তি শাখা ব্যতিরেকে) ট্রাফিক বিভাগের জনবল ট্রাফিক বিভাগে বদলীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৮. | মামলা সংক্রান্ত । <br>এজেন্ডা শুরুর তারিখঃ <br>২২/০৩/২০২০ | মামলার তথ্য হালনাগাদ রাখা হয় এবং আইনজীবীগণকে প্রতি বছরের বিল প্রতি বছরের মধ্যে দাখিল করতে বলা হয়েছে। এছাড়া বকেয়া বিল বছর ভিত্তিক প্রদানের জন্য জনাব মোঃ গোলদার শাহবাজ, প্রধান নিরীক্ষা কর্মকর্তাকে আহবায়ক করে ২১/১০/২০২০ তারিখে কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান। যে সকল মামলার অগ্রিম বিল প্রদান করা হয়েছে সে সকল অগ্রিম বিল সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ ব্যতিত নতুনভাবে কোন অগ্রিম প্রদান না করা এবং মামলা নিষ্পত্তিঅন্তে বিল পরিশোধ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | মামলার বিষয়ে আইনজীবীকে অগ্রিম বিল দেয়া বন্ধ করতে হবে। চলমান মামলা সমপানান্তে বিল পরিশোধ করতে হবে। ইতোমধ্যে প্রদত্ত অগ্রীম দ্রুত সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ১৯. | বসুন্ধরার জেটি ব্যবহারের বিষয়ে ট্যারিফ আদায় প্রসঙ্গে। <br>এজেন্ডা শুরুর তারিখঃ <br>২২/০৩/২০২০ | এ বিষয়ে গত ১৪-০৯-২০২০ তারিখে মবক'র সাথে নৌপরিবহণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জুম মিটিং এ বিষয়টি উপস্থাপন করা হয়েছে মর্মে প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, মন্ত্রণালয়ে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন আছে। | বসুন্ধরার জেটি ব্যবহারের ট্যারিফ আদায়ের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ২০. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে। <br>এজেন্ডা শুরুর তারিখঃ <br>২২/০৩/২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে, নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটি গত ১২/১০/২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করেছে। প্রতিবেদন নথিতে উপস্থাপন চলমান আছে। | নীতিমালা বোর্ড সভায় অনুমোদনের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ২১. | অবৈধ দখলদার উচ্ছেদ। <br>এজেন্ডা শুরুর তারিখঃ <br>২২/০৩/২০২০ | ক) পরিচালক (প্রশাসন) জানান যে, যে সকল অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম প্রশাসনের সহায়তা ছাড়া করা যায় সেগুলো উচ্ছেদ করা হচ্ছে। এ লক্ষ্যে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য ২১/১০/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। কাঁটাতারের বেড়া দেয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। মোংলা ওয়েল স্টেশন এর সামনের টিন শেড অপসারণের জন্য প্রয়োজনীয় পুলিশ চেয়ে ওসি মোংলাকে ২১/১০/২০২০ তারিখে পত্র দেয়া হয়েছে। মোংলা ওয়েল স্টেশনকে ০৩দিনের মধ্যে নিজ দায়িত্বে টিন শেড অপসারণের জন্য নোটিশ দেয়া হয়েছে। অপসারণ করা না হলে ক্ষতিপূরণ ধার্য করা হবে মর্মে জানানো হয়েছে। বিস্তারিত আলোচনান্তে উচ্ছেদ কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) মবক'র গঠিত কমিটি কর্তৃক উচ্ছেদ কার্যক্রম চলমান থাকবে। জেলা প্রশাসকের সাথে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| | | খ) পরিচালক (ট্রাফিক) জানান যে, রুজভেল্ট জেটিতে একটি অবৈধ স্থাপনা ছিল সেটি উচ্ছেদ করা হয়েছে এবং বহিরাগতদের চলাচল নিষিদ্ধ করা হয়েছে। প্রধান নিরাপত্তা কর্মকর্তা জানান যে, খুলনাস্থ রুজভেল্ট জেটির সার্বিক নিরাপত্তা কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। | খ) খুলনাস্থ রুজভেল্ট জেটিতে বহিরাগতদের চলাচল নিষিদ্ধ করার জন্য ট্রাফিক বিভাগ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (ট্রাফিক) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২২. | মবক'র বিভিন্ন বিভাগের জন্য কম্পিউটার, প্রিন্টারসহ আনুষঙ্গিক মালামাল সংগ্রহের আর্থিক সংস্থান প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৭/০৫/২০২০ | কমিটির সুপারিশ মোতাবেক চাহিত কম্পিউটার ক্রয়ের নিমিত্তে কোটেশন সংগ্রহ করা হয়েছে। কাজটি ওটিএম পদ্ধতিতে সম্পন্ন করা হবে মর্মে প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) সভাকে অবহিত করেন। | ক্রয় নীতিমালা অনুসরণ করে দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী সভায় অগ্রগতি জানাতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ২৩. | করোনাকালীন কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদান প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৭/০৫/২০২০ | গত ১৫/০৭/২০২০ তারিখে নৌপমে পত্র প্রেরণ করা হয়েছে এবং নৌপম হতে গত ০৪/০৮/২০২০ তারিখে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। করোনা আক্রান্তদের ভাতা দেয়ার জন্য সংশোধিত বাজেটে অর্থের সংস্থান রাখার জন্য সভায় আলোচনা করা হয়। | এ বিষয়ে সংশোধিত বাজেটে অর্থের সংস্থান রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান অর্থ ও হিরক |
| ২৪. | কর্মকর্তা ও কর্মচারীদের সুলভ মূল্যে গ্যাস সরবরাহ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৭/০৫/২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে, গ্যাস কোম্পানীগুলোর সাথে আলোচনা করে সুলভ মূল্যে গ্যাস সরবরাহের আলোচনা অব্যাহত আছে। ডেল্টা এলপিজি খুলনা ও মোংলা ০২টি ডিসট্রিবিউশন পয়েন্টে গ্যাস পৌছে দেয়া পর্যন্ত গ্যাসের খালি বোতলের মূল্য ৪৩০/- এবং গ্যাসর মূল্য ৬৫০/- রাখতে পারবে মর্মে পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন। | ডেল্টা এলপিজি এর সাথে যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত গ্যাস সরবরাহের ব্যবস্থা করতে হবে। | শ্রম-কল্যাণ কর্মকর্তা (প্রশাসন বিভাগ) |
| ২৫. | সিবিএ ভবনের জন্য আসবাবপত্র ক্রয় ও সরবরাহ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৭/০৫/২০২০ | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) সভায় অবহিত করেন যে, সিবিএ ভবনের মেরামত কাজ চলমান আছে। সিবিএ ভবনের জন্য আসবাবপত্র ক্রয় ও সরবরাহের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে আলোচনা করা হয়। | ক্রয় নীতিমালা অনুসরণ করে সিবিএ ভবনের জন্য আসবাবপত্র ক্রয় ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাঃ), প্রধান অর্থ ও হিরক এবং প্রধান প্রকৌশলী (সিঃও হাঃ) |
| ২৬. | মোংলাস্থ মাধবী আবাসিক এলাকা ও খুলনাস্থ আবাসিক এলাকার ফ্যামিলি ব্যারাকে পানির ট্যাংকি স্থাপন প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৭-০৬-২০২০ | প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) জানান যে, মোংলাস্থ মাধবী এলাকায় এবং খুলনাস্থ আবাসিক এলাকার ব্যারাকে পানির ট্যাংকি স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। | কাজটি সম্পন্ন হয়েছে বিধায় আগামী সভার এজেন্ডা হতে বাদ দিতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ২৭. | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক-পরিচ্ছদ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৭-০৬-২০২০ | মবক'র ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পোষাক-পরিচ্ছদ সরবরাহের বিষয়ে এবং চট্টগ্রাম বন্দরের ন্যায় ৩য় শ্রেণির (মিনিস্ট্রিয়াল স্টাফ) কর্মচারীদের পোষাক-পরিচ্ছদ সরবরাহের বিষয়ে গত ০৬/১০/২০২০ তারিখে পত্র সংখ্যক ১৩৮৭ এর মাধ্যমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২৮. | ক) সরকারি নিয়ম অনুযায়ী গৃহ নির্মাণ ঋন প্রদান সংক্রান্ত।<br>খ) হজ নীতিমালা সংক্রান্ত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ০৭-০৬-২০২০ | ক) মবক এর প্রস্তাবিত গৃহ নির্মাণ ঋণ নীতিমালা সরকারি নীতিমালার সাথে যাচাই করে মতামতসহ প্রেরণের জন্য গত ১৯/০৭/২০২০ তারিখে কমিটির নিকট পত্র প্রেরণ করা হয়েছে। কমিটির আহবায়ক কে দ্রুত মতামত প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে মর্মে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন।<br>খ) হজ্ব নীতিমালার বিষয়ে মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি সংগ্রহপূর্বক প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) গৃহ নির্মাণ ঋণ নীতিমালার বিষয়ে দ্রুত মতামত প্রেরণ করতে হবে।<br>খ) মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ করতে হবে। | পরিকল্পনা প্রধান ও আহবায়ক গঠিত কমিটি<br>পরিচালক (প্রশাঃ) |
| ২৯. | মবক'র খুলনাস্থ আবাসিক এলাকায় ০৪ (চার) টি ফ্যামিলি ব্যারাকে সিলিং স্থাপন প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১৩/০৭/২০২০ | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, মবক'র খুলনাস্থ ফ্যামিলি ব্যারাকের বারান্দায় পিচ বোর্ড দিয়ে সিলিং স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুত করে দরপত্র আহবান করা হয়েছে। গত ২২-০৯-২০২০ তারিখে দরপত্র খোলা হয়েছে। টিইসি এর সুপারিশ অনুমোদনের অপেক্ষায়। | দ্রুত কাজটি সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩০. | মবক'র খুলনাস্থ ট্রাফিক বিভাগে অধীনস্ত পোর্ট ডিউজ শাখাটি হারবার এন্ড কঞ্জারভেন্সী বিভাগের অধীনে ন্যস্ত করা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>১৩/০৭/২০২০ | কমিটির সকল সদস্য করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ায় প্রতিবেদন দাখিল করা সম্ভব হয় নি। শীঘ্রই প্রতিবেদন দাখিল করা হবে মর্মে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন। | গঠিত কমিটিকে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও আহবায়ক গঠিত কমিটি |
| ৩১. | সিসিটিভি ক্যামেরা মনিটরিং রুমে রেকর্ডিং ফুটেজ ধীরগতি প্রসংগে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>১৯-০৮-২০২০ | প্রধান নিরাপত্তা কর্মকর্তা জানান যে, সিসিটিভি নিরাপত্তা বিভাগ এর মাধ্যমে সংযোগ করা হচ্ছে এবং সিসিটিভির জন্য পৃথক LAN সংস্থাপন কাজটি নিরাপত্তা বিভাগের মাধ্যমে সম্পাদনের জন্য পত্র প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত কাজে কারিগরী সহায়তা যান্ত্রিক ও তড়িৎ বিভাগ কর্তৃক প্রদান করা হবে। নিরাপত্তা বিভাগের ক্যামেরাসমূহের জন্য আলাদা করে অপটিক্যাল ফাইবার লাগানো হবে মর্মে প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) সভায় অবহিত করেন। | সিসিটিভির স্পীড বাড়ানোর জন্য আলাদা সংযোগ ও সুইচ বোর্ডসমূহ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ৩২. | এপিএ ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>১৯-০৮-২০২০ | পরিচালক (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয় হতে APA সংশোধন সংক্রান্ত পত্র পাওয়া গিয়েছে। তদানুযায়ী APA সংশোধন করা হয়েছে। APA এর ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৫/১০/২০২০ তারিখে APAMS software upload করা হয়েছে। বর্তমানে APA এর উপর প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে এবং নিয়মিত APA টিম এর মাসিক সভা অনুষ্ঠিত হচ্ছে। | এ বিষয়ে নিয়মিত সভা আহবান করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩৩. | বোল্ডার পাথর সংরক্ষণ প্রসঙ্গে<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৯-২০২০ | বোল্ডার পাথর সংরক্ষণ বিষয়ে সভার সভাপতি মহোদয় প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ), প্রধান নিরাপত্তা কর্মকর্তা, ডেপুটি ট্রাফিক ম্যানেজার এবং উর্দ্ধতন উপ-ব্যবস্থাপক (প্রশাসন)-কে সরেজমিনে পরিদর্শনপূর্বক রিপোর্ট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। সুন্দরবন ফিলিং স্টেশনের উত্তর পাশে পড়ে থাকা বোল্ডার পাথরের সংরক্ষিত মূল্য কমিটি কর্তৃক দাখিল করা হয়েছে। | নিলাম বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |
| ৩৪. | ক) পুরাতন মোংলা আবাসিকসমূহে সুপেয় পানি দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৯-২০২০<br><br>খ) হিরণ পয়েন্ট নীল কমল খালের মুখে মবক'র নিজস্ব ড্রেজার দ্বারা দ্রুত ড্রেজিং এর ব্যবস্থা করা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৯-২০২০ | ক) প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, পুরাতন মোংলা আবাসিকসমূহে সুপেয় পানি দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনান্তে আগামী অর্থ বছরে বাজেট বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং R.O. Plant স্থাপনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে অথবা বর্তমানে নির্মানাধীন ট্রিটমেন্ট প্লান্ট হতে পানি নেয়ার বিষয়টি খতিয়ে দেখা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়।<br>খ) হারবার মাস্টার জানান যে, পরিবেশগত কারণ ও টেকসই নিরুপণে নীলকমল খাল ড্রেজিং সংরক্ষন সম্ভব নয় বলে প্রতিয়মান। বিকল্প ব্যবস্থা হিসেবে মুরিং বয়া বসিয়ে পাইলট বোট ভাটার সময় মুরিং এ অবস্থান করবে অথবা মুরিং বয়ায় হাউজ বোট স্থাপন করা হবে এবং সেখানে পাইলটগণ অবস্থান করবেন।<br>i) এ বিষয়ে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, নীলকমল খালে ড্রেজিং করা প্রয়োজন এবং প্রয়োজনীয় বাজেট রয়েছে। ড্রেজিং মাটি জোয়ারের সময় ওপেন ডিসচার্জ করা হবে। এর ফলে নীলকমল খালের ড্রেজিং করা সম্ভব হবে। বিস্তারিত আলোচনান্তে নীলকমল খালে আউটসোর্সিং এর মাধ্যমে ড্রেজিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উক্ত বিষয়ে আগামী অর্থ বছরে বাজেট বরাদ্দ রাখতে হবে।<br><br>শীত মৌসুমের মধ্যে কাজটি সম্পন্ন করতে হবে। | প্রধান অর্থ ও হিরক ও প্রধান প্রকৌঃ (সি:ও হা:)<br><br>প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

নতুন এজেন্ডাঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১। | পশুর চ্যানেলে ২০টি মুরিং বয়া স্থাপন। | পশুর চ্যানেলে ২০টি মুরিং বয়া স্থাপনের জন্য সভায় আলোচনা হয়। তদপ্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয় ১০ টি মুরিং বয়া স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য হারবার ও কঞ্জারভেন্সী এবং মেরিন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | এ বিষয়ে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হারবার মাস্টার এবং প্রধান প্রকৌশলী (নৌ) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২। | পেনশনভোগীদের বার্ষিক হাজিরা প্রসঙ্গে। | পেনশনভোগীদের বার্ষিক হাজিরা বিষয়ে সিবিএ এর সাধারণ সম্পাদক সভার সভাপতি মহোদয়কে অবহিত করেন যে সকল পেনশনভোগী অসুস্থ এবং যারা অফিসে এসে হাজিরা দিতে অপারগ তাদের ক্ষেত্রে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কিংবা অন্য কোন পদ্ধতিতে উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে। এ প্রেক্ষিতে মোংলা, খুলনা এবং ঢাকাস্থ লিঁয়াজো অফিসের মাধ্যমে হাজিরার ব্যবস্থা নিশ্চিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রয়োজনে অর্থ ও হিসাব বিভাগের মাধ্যমে ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মোংলা, খুলনা এবং ঢাকাস্থ লিঁয়াজো অফিসের মাধ্যমে হাজিরা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং প্রধান অর্থ ও হিরক |
| ৩। | দৈনিক মজুরী ভিত্তিক ড্রাইভার নিয়োগ প্রসঙ্গে। | হারবার মাস্টার সভাকে অবহিত করেন যে, একজন ড্রাইভার দ্বারা পাইলটিং ডিউটি করানো হচ্ছে। ফলে অনেক সময় পাইলটদের যাতায়াতে সমস্যা সৃষ্টি হয়। এ জন্য রাজস্ব খাতের ড্রাইভার নিয়োগ হওয়ার আগ পর্যন্ত দৈনিক মজুরি ভিত্তিক ড্রাইভার নিয়োগের ব্যবস্থা গ্রহণের বিষয়ে তিনি সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। পরীক্ষা গ্রহণের মাধ্যমে দৈনিক মজুরী ভিত্তিক একজন ড্রাইভার নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পাইলটিং ডিউটির জন্য পরীক্ষা গ্রহণের মাধ্যমে দৈনিক মজুরী ভিত্তিক একজন ড্রাইভার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৪। | বাসা বরাদ্দ/বাতিল প্রসঙ্গে। | পরিচালক (প্রশাসন) জানান যে, সে সব বাসায় সাবলেট আছে তার তালিকা চূড়ান্ত করা হয়েছে এবং সাবলেট ধারীদের নামিয়ে বরাদ্দ বরাদ্দ বাতিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ প্রসঙ্গে আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয় যে যারা নিজ নামে বাসা বরাদ্দ করে বাসাটি সাবলেট প্রদান করে খুলনা-মোংলা বাসে যাতায়াত করে অফিস করে তাদের বাসাসহ সকল সাবলেট বাতিল করতে হবে এবং যাদের নামে মোংলায় বাসা আছে তাদের নামে বাসে সীট বরাদ্দ দেয়া যাবে না। | সকল সাবলেট বাতিলের বিষয়টি নিশ্চিত করতে হবে। মোংলায় বাসা আছে এমন কাউকে বাসে সীট বরাদ্দ দেয়া যাবে না। | পরিচালক (প্রশাসন) |
| ৫। | খুলনা আবাসিকের তিনটি বাসা বরাদ্দ প্রসঙ্গে। | খুলনার আবাসিকে তিনটি ভবন মেরামতের কাজ শেষ পর্যায়ে। ভবনসমূহ প্রাধিকার অনুযায়ী বরাদ্দ দেয়া প্রয়োজন মর্মে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন। ঠিকাদার কর্তৃক বাসা হস্তান্তর এবং সম্পত্তি শাখা কর্তৃক বাসা গ্রহণের পরে বাসা বরাদ্দের উদ্যোগ নিতে হবে মর্মে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | সম্পত্তি শাখা কর্তৃক বাসা গ্রহণের পরে বাসা বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৬। | ফগার মেশিন ক্রয় | মশার উপদ্রব হতে রক্ষা পাওয়ার লক্ষ্যে খুলনার জন্য ০২টি এবং মোংলার জন্য ০৩টি ফগার মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা হয়। | খুলনার জন্য ০২টি এবং মোংলার জন্য ০৩টি ফগার মেশিন ক্রয় করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের আহবানসহ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রিয়ার এডমিরাল এম শাহজাহান
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০-

২৫ নভেম্বর ২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

........................................................................ মবক, মোংলা।

অনুলিপি:

১। সদস্য ( ), মবক, মোংলা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

২৫/১১/২০

পরিচালক (প্রশাসন)